দৈনিক সংবাদ

MAY 0[illegible]

তারিখ ............

পৃষ্ঠা ...... কলাম ......

# কাল থেকে ছাত্রলীগের সাংগঠনিক সফর

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ছাত্রলীগের সভাপতি-সাধারণ সম্পাদকসহ গ্রেফতার হওয়া নেতৃবৃন্দের মুক্তি, সারাদেশে ধর্ষণ, চাঁদাবাজি, নির্যাতনের প্রতিবাদ ও সাংগঠনিক তৎপরতাকে গতিশীল করার লক্ষ্যে আগামীকাল সোমবার থেকে ১০ই মে পর্যন্ত বাংলাদেশ ছাত্রলীগের দেশব্যাপী সাংগঠনিক সফর শুরু হচ্ছে। কেন্দ্রীয় নেতৃবৃন্দের সমন্বয়ে গঠিত ২০টি টিমে বিভক্ত হয়ে এ সফর কার্যক্রম চলবে।

ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপি ও সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রত্যেক জেলার সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সকল নেতাকে এ ব্যাপারে সার্বিক প্রস্তুতি নেয়ার নির্দেশ দিয়েছেন।